ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৩৪৫৪

সোনামুড়া, ২৯ অক্টোবর, ২০২৫

**নতুন জীবন পেল ধলাই জেলার দীপিকা ত্রিপুরা**

ছামণু ব্লকের নাতিনমনু এলাকার ৬ বছর বয়সী শিশুকন্যা দীপিকা ত্রিপুরা। ছোট থেকেই শ্বাসকষ্ট ও দ্রুত ক্লান্ত হয়ে পড়ার সমস্যায় ভুগছিল। ছামনু রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রম–এর সদস্যরা বিদ্যালয়ে বা এলাকায় স্বাস্থ্য পরীক্ষার সময় এবছর ১০ ফেব্রুয়ারি দীপিকাকে স্ক্রিনিং করে। তখনই তার হৃদস্পন্দনে অস্বাভাবিকতা ধরা পড়ে এবং তারা দ্রুত উন্নত চিকিৎসার জন্য রেফার করেন। প্রাথমিক স্ক্রিনিং–এর পর ধলাই জেলার স্বাস্থ্য বিভাগ দ্রুত পদক্ষেপ নেয় এবং সমস্ত প্রক্রিয়াটি District Early Intervention Centre-এর তত্ত্বাবধানে পরিচালিত হয়। রিস্ক ও জটিলতা নিশ্চিত করার জন্য, গত ২৩ এপ্রিল দীপিকার ইকোকার্ডিওগ্রাফি পরীক্ষা আইএলএস হাসপাতালে সম্পন্ন হয়। এই পরীক্ষার মাধ্যমে নিশ্চিত হয় দীপিকা জন্মগত হৃদরোগ (CHD)-এ ভুগছে এবং তার জীবন বাঁচাতে জরুরি অস্ত্রোপচার প্রয়োজন। জটিল অস্ত্রোপচারের জন্য প্রয়োজনীয় সমস্ত রুটিন রক্ত পরীক্ষা গত ৮ জুলাই ধলাই জেলা হাসপাতালের DEIC কেন্দ্রে সম্পন্ন হয়। DEIC কর্মীরা এই সময় পরিবারের জন্য আর্থিক সহায়তা এবং কাগজপত্রের সমস্ত ব্যবস্থা নিশ্চিত করেন। ত্রিপুরা সরকার অনুমোদিত স্বাস্থ্য প্রকল্পের অধীনে, উন্নত চিকিৎসার জন্য দীপিকাকে রাজ্যের বাইরে পাঠানোর সিদ্ধান্ত নেওয়া হয়। সফলভাবে সমস্ত প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পর, গত ২৬ অক্টোবর চেন্নাইয়ের এপোলো চিলড্রেন'স হাসপাতালে দীপিকার হৃদযন্ত্রের জটিল অস্ত্রোপচার সম্পন্ন হয়। বিশেষজ্ঞ ডাক্তারদের তত্ত্বাবধানে এই অস্ত্রোপচারটি পুরোপুরি সফল হয়েছে। এই সফল চিকিৎসা দীপিকার পরিবারকে এক বিশাল স্বস্তি এনে দিয়েছে। দীপিকার পিতা পরমজয় ত্রিপুরা বলেন, ছামনু RBSK দল ও জেলা স্বাস্থ্য বিভাগ যেভাবে আমাদের সাহায্য করেছেন, তা ভুলব না। আমারদের মেয়ে এখন সুস্থ!"ধলাই জেলা স্বাস্থ্য ব্যবস্থার সম্মিলিত প্রচেষ্টায় এক ৬ বছর বয়সী শিশুকন্যা দীপিকা ত্রিপুরা জন্মগত হহৃদরোগ (Congenital Heart Disease CHD) থেকে মুক্তি পেয়ে নতুন জীবন লাভ করেছে। এই সাফল্য প্রমাণ করে যে সুসংগঠিত স্বাস্থ্য পরিষেবা এবং রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রম (RBSK)-এর মতো প্রকল্পের মাধ্যমে প্রত্যন্ত অঞ্চলের মানুষের কাছেও উন্নত চিকিৎসা পৌঁছে দেওয়া সম্ভব। ধলাই জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিকের কার্যালয় থেকে এক প্রেস রিলিজের মাধ্যমে এই সংবাদ জানানো হয়েছে।

********